

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাবুগঞ্জ, বরিশাল।

www.babuganj.barisal.gov.bd

সেপ্টেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত বাবুগঞ্জ উপজেলার এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি : নুসরাত ফাতিমা, উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।

সভার তারিখ : ০৭ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

সভার সময় : বেলা ৯:৩০ টায়।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

দারিদ্র্য অসহায় ও কর্মহীন জনগোষ্ঠীর সহায়তায় সকল এনজিওকে এগিয়ে আসতে সভাপতি আহ্বান জানান। এনজিও বিষয়ক ব্যুরো, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির নির্দেশনা অনুসারে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ের নির্দেশনা দেন।

সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ জানান যে, কতিপয় এনজিও অধিকাংশ ক্ষেত্রেই উপজেলা প্রশাসনকে সম্পৃক্ত না করে কার্যক্রম চালান। পূর্বানুমতি ব্যতিরেকে প্রত্যয়নের জন্য আবেদন করেন। উপজেলা প্রশাসনকে অবহিত করে সকল কার্যক্রম পরিচালনার জন্য তিনি এনজিওসমূহের প্রধানগণকে অনুরোধ করেন। যে সকল এনজিও তাদের কার্যক্রমের প্রতিবেদন দাখিল করেননি তাদের নিয়মিত প্রতিবেদন দাখিল করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

১। জনাব এস এম তাহাজ্জুদ হোসেন, প্রকল্প সমন্বয়কারী, সেইন্ট বাংলাদেশ জেলা সদরে বদলী হয়েছেন বিধায় নতুন একজন উপজেলা সমন্বয়কারী নির্বাচন করে নেয়ার জন্য সকল এনজিও সমন্বয়কারীদেরকে নির্দেশনা প্রদান করা হয় এক্ষেত্রে সকলের সাথে যোগাযোগ করতে সক্ষম এমন ব্যক্তিকে মনোনীত করতে বলা হয়। এনজিওসমূহকে তাদের চলমান কার্যক্রমের প্রতিবেদন এবং চলমান প্রকল্পসমূহের FD-6 দাখিলের জন্য অনুরোধ করেন। এনজিওসমূহকে উপজেলা প্রশাসনের আয়োজিত কর্মসূচিতে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের আহ্বান জানান।


উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাবুগঞ্জ, বরিশাল মাসিক এনজিও বিষয়ক সমন্বয় সভায় সরকারি সংশ্লিষ্ট দপ্তরসমূহের দপ্তরপ্রধান এবং জনপ্রতিনিধিদের অনুপস্থিতির বিষয়ে সভাপতি দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি পরবর্তী মাস থেকে এনজিও বিষয়ক কমিটির সকল সদস্যকে নোটিশ প্রদানের জন্য নির্দেশনা দেন।

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	এনজিওদের চলমান কার্যক্রমের FD-6 যথাসময়ে দাখিল করতে হবে এবং তথ্য ছক মোতাবেক পূরণ করে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দাখিল করতে হবে। এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা প্রতিমাসের প্রথম বুধবার সকাল ৯:৩০ মিনিটে করার সিদ্ধান্ত গৃহীত হয়	সকল এনজিও



০২	বর্তমান পরিপত্র অনুযায়ী কমিটির সদস্য সচিব উপজেলা সমাজসেবা অফিসার বিধায় এনজিওসমূহকে সকল কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা সমাজসেবা অফিসারকে সম্পৃক্ত রেখে কার্যক্রম পরিচালিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল এনজিও
০৩	এনজিও বিষয়ক কমিটির সকল সদস্যকে স্বাস্থ্য বিধি ও সরকারি বিধি নিষেধ প্রতিপালন করে সভায় অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার বাবুগঞ্জ, বরিশাল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভায় সমাপ্তি ঘোষণা করা হয়।



(নুসরাত ফাতিমা)

উপজেলা নির্বাহী অফিসার

বাবুগঞ্জ, বরিশাল।

টেলিফোন নম্বর- ৮৮০২৫৫-০৬১৬০৩

e-mail:unobabuganj2016@gmail.com

স্মারক নম্বর-০৫.১০.০৬০৩.০০১.০৬.০০১.২২-৮৯৭


তারিখ :

২৩ ভাদ, ১৪২৯ বঙ্গাব্দ

০৭ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক বুরো, ঢাকা।
২. জেলা প্রশাসক, বরিশাল।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৪. সহকারী কমিশনার (ভূমি), বাবুগঞ্জ, বরিশাল।
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৬. অফিসার ইন-চার্জ, বাবুগঞ্জ থানা/এয়ারপোর্ট থানা, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।
৭. উপজেলা অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।
৮. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ সহ)।
৯. জনাব ----- এনজিও, বাবুগঞ্জ, বরিশাল।
১০. চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর/কেদারপুর/দেহেরগতি/চাঁদপাশা/রহমতপুর/মাধবপাশা ইউপি, বাবুগঞ্জ, বরিশাল।
১১. জনাব.....বাবুগঞ্জ, বরিশাল
১২. অফিস নথি।



(মোঃ মিজানুর রহমান)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা এনজিও সমন্বয় কমিটি

বাবুগঞ্জ, বরিশাল।